



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১২৭৯৩১১/রংপুর -২৬৪ /২০৬৫/১৪

তারিখঃ ২৮.০৭.২০১৯খ্রিঃ

**বিষয়: এনায়েতপুর দাখিল মাদ্রাসা অন্যত্র স্থানান্তর করণ প্রসঙ্গে।**

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৭.০৭৭৭.০০৪.০০.০৭৩.১৮-১৭৪০(৭); তারিখ: ২৬/১১/২০১৮।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন এনায়েতপুর দাখিল মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরের বিষয় এলাকাবাসীর পক্ষে জনাব মো: নুরুল আমিন রাজা ও জনাব মো: ফিরোজ মিয়া অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তারা উল্লেখ করেছেন- অত্র এলাকার সন্তানদের ইসলামী শিক্ষায় শিক্ষিত করার লক্ষে ১৯৭৮ সালে অত্র প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়। বর্তমান সুপার মো: আতোয়ার হোসেন মাদ্রাসা সংলগ্ন তার স্বশুর বাড়ির সঙ্গে জমি সংক্রান্ত বিষয়সহ অনেকগুলো মামলায় জড়িয়ে পড়েন বিধায় দীর্ঘদিন তিনি মাদ্রাসায় উপস্থিত হতে পারেননি। যার ফলে সুপার মো: আতোয়ার হোসেন প্রতিষ্ঠিত এমপিওভুক্ত মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরের প্রক্রিয়া শুরু করেন। এলাকাবাসীর অভিযোগের প্রেক্ষিতে সাবেক উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে মাদ্রাসাটি অন্যত্র স্থানান্তরের কোন কারণ না থাকায় স্থানান্তরযোগ্য নয় বলে মত প্রকাশ করেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপজেলা নির্বাহী অফিসারের তদন্তপূর্বক মতামতের আলোকে অত্র প্রতিষ্ঠানটি অন্যত্র স্থানান্তরের সুযোগ নেই মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (১) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক,

সুপার/সভাপতি, এনায়েতপুর দাখিল মাদ্রাসা

ডাকঘর: জাহাঙ্গীরাবাদ, পীরগঞ্জ, রংপুর।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১২৭৯৩১১/রংপুর -২৬৪ /২০৬৫/১৪

তারিখঃ ২৮.০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর।
৩. সভাপতি, এনায়েতপুর দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।
৪. সুপার, এনায়েতপুর দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।
৫. জনাব মো: নুরুল আমিন রাজা ও জনাব মো: ফিরোজ মিয়া (অভিযোগকারী), গ্রাম: পুজাপাড়া, ডাকঘর: পীরগঞ্জ, পীরগঞ্জ, রংপুর।
৬. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪